সংবাদ

তারিখ 30 AUG 2009
পৃষ্ঠা ১১ কলাম ৮

# ঐক্য পরিষদের দাবি অবিলম্বে স্বতন্ত্র প্রাথমিক শিক্ষা ক্যাডার চাই

নিজস্ব বার্তা পরিবেশক

অবিলম্বে স্বতন্ত্র প্রাথমিক শিক্ষা ক্যাডার বাস্তবায়নের জন্য সরকারের কাছে দাবি জানিয়েছেন প্রাথমিক শিক্ষা কর্মকর্তা ঐক্য পরিষদ। গতকাল মিরপুরে প্রাথমিক শিক্ষা ঢাকা বিভাগীয় কার্যালয়ে এক সভায় পরিষদ নেতৃবৃন্দ এ দাবি জানিয়ে বলেন, দীর্ঘদিন ধরে সরকারের বিভিন্ন পর্যায় থেকে স্বতন্ত্র প্রাথমিক শিক্ষা ক্যাডার সৃষ্টির প্রতিশ্রুতি দেয়া হলেও তা বাস্তবায়ন করা হচ্ছে না।

প্রাথমিক শিক্ষা কর্মকর্তা ঐক্য পরিষদের সহ-সভাপতি ইউসুফ আলীর সভাপতিত্বে সভায় বক্তৃতা করেন পরিষদের মহাসচিব সুলতান মিয়া, পরিষদের নেতা আলী রেজা, মোহাম্মদ মহিউদ্দিন, আবদুর রহিম, কাওসার সাবিনা, আবদুর রাজ্জাক প্রমুখ।

নেতৃবৃন্দ প্রাথমিক শিক্ষা অধিদপ্তরে অন্য ক্যাডারের কর্মকর্তাদের ডেপুটেশনে পদায়ন বাতিল করার দাবি জানান। তারা বলেন, প্রাথমিক শিক্ষা অধিদপ্তরে অনেক যোগ্য ও অভিজ্ঞ কর্মকর্তা থাকা সত্ত্বেও অন্য ক্যাডার থেকে কর্মকর্তাদের এনে পদায়ন করা হচ্ছে। এতে অধিদপ্তরে দীর্ঘদিন ধরে কর্মরতদের পদোন্নতির সুযোগ বন্ধ হয়ে যাচ্ছে। এছাড়াও নেতৃবৃন্দ শিক্ষা কর্মকর্তাদের সঙ্গে দুর্ব্যবহারের অভিযোগে অধিদপ্তরের উপ-পরিচালক আবু তাহেরকে অপসারণের দাবি জানান।